বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR
www.brur.ac.bd

স্মারক নং- বেরোবি:/রেজি:/কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/১৬৫৯

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৫ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক. পদের বিবরণ:

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল: ২০২৬ অনুযায়ী)
১	রেজিস্ট্রার	০১	১,১৩,০০০ - ১,৪৮,৮০০/- (গ্রেড-৩)
২	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	০১	১,১৩,০০০ - ১,৪৮,৮০০/- (গ্রেড-৩)
৩	পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর)	০১	১,১৩,০০০ - ১,৪৮,৮০০/- (গ্রেড-৩)
৪	চিফ রিসার্চ অফিসার (ইনস্টিটিউট অব রিসার্চ এক্সিলেন্স)	০১	১,১৩,০০০ - ১,৪৮,৮০০/- (গ্রেড-৩)
৫	অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন শাখা)	০১	১,০০,০০০ - ১,৪২,৪০০/- (গ্রেড-৪)
৬	অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর)	০১	১,০০,০০০ - ১,৪২,৪০০/- (গ্রেড-৪)
৭	অতিরিক্ত পরিচালক (সেন্ট্রাল লাইব্রেরি এন্ড ইনফরমেশন সেন্টার)	০১	১,০০,০০০ - ১,৪২,৪০০/- (গ্রেড-৪)
৮	উপ-পরিচালক (অর্থ ও হিসাব)	০১	৮৬,০০০ - ১,৩৯,৭০০/- (গ্রেড-৫)
৯	উপ-প্রধান প্রকৌশলী (সিভিল)	০১	৮৬,০০০ - ১,৩৯,৭০০/- (গ্রেড-৫)
১০	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)	০১	৫৮,০০০ - ১,২৬,৮০০/- (গ্রেড-৭)
১১	প্রকিউরমেন্ট অফিসার (পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ)	০১	৪৪,০০০ - ১,০৫,৯০০/- (গ্রেড-৯)
১২	সেকশন অফিসার গ্রেড-১ (রেজিস্ট্রার দপ্তর)	০১	৪৪,০০০ - ১,০৫,৯০০/- (গ্রেড-৯)
১৩	সেকশন অফিসার গ্রেড-১ (ট্রেজারার দপ্তর)	০১	৪৪,০০০ - ১,০৫,৯০০/- (গ্রেড-৯)
১৪	নার্স (মেডিকেল সেন্টার)	০১	৩২,০০০ - ৭৭,৩০০/- (গ্রেড-১০)
১৫	ল্যাব টেকনিশিয়ান (রসায়ন বিভাগ)	০১	২৫,০০০ - ৬০,৫০০/- (গ্রেড-১১)
১৬	সেমিনার সহকারী (গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ)	০১	২৩,৫০০ - ৫৬,৮০০/-(গ্রেড-১৪)
১৭	হিসাব সহকারী (পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর)	০১	২১,৯০০ - ৫২,৯০০০/- (গ্রেড-১৬)
১৮	গ্রাউন্ডম্যান (শারীরিক শিক্ষা বিভাগ)	০১	২১,৪০০ - ৫১,৯০০/- (গ্রেড-১৭)
১৯	রাজ মিস্ত্রি (প্রকৌশল দপ্তর)	০১	২১,০০০ - ৫০,৯০০/- (গ্রেড-১৮)
২০	সেমিনার এটেনডেন্ট (ইংরেজি বিভাগ)	০১	২০,৫০০ - ৪৯,৬০০/-(গ্রেড-১৯)
২১	সিকবয় (মেডিকেল সেন্টার)	০১	২০,০০০ - ৪৮,৪০০/- (গ্রেড-২০)
২২	এমএলএসএস (রেজিস্ট্রার দপ্তর)	০১	২০,০০০ - ৪৮,৪০০/- (গ্রেড-২০)
২৩	এমএলএসএস (ইনস্টিটিউট অব রিসার্চ এক্সিলেন্স)	০১	২০,০০০ - ৪৮,৪০০/- (গ্রেড-২০)
২৪	পরিচ্ছন্নতা কর্মী (নিরাপত্তা ও পরিচ্ছন্নতা শাখা)	০৭	২০,০০০ - ৪৮,৪০০/- (গ্রেড-২০)
২৫	নিরাপত্তা প্রহরী (নিরাপত্তা ও পরিচ্ছন্নতা শাখা)	১২	২০,০০০ - ৪৮,৪০০/- (গ্রেড-২০)

খ. আবেদনপত্র জমা:

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদের শর্তাবলী ও আবেদন ফরম সংগ্রহপূর্বক আবেদন করতে হবে। রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি অথবা ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর বরাবর রবি থেকে বৃহস্পতিবার (সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদন ফরম জমা দেওয়া যাবে।

২. ক্রমিক নং ১-১৪ পর্যন্ত পদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত) প্রতিটি পদের জন্য ০৭ (সাত) সেট আবেদন ফরম জমা দিতে হবে এবং ক্রমিক নং ১৫-২৫ পর্যন্ত পদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত) প্রতিটি পদের জন্য ০৪ (চার) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

৩. (ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ক্রমিক নং ১-১৪ পর্যন্ত পদের জন্য ২০০/- (দুই শত) টাকা, ক্রমিক নং ১৫-২৫ পর্যন্ত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনগ্রসর নাগরিক (সকল গ্রেডের জন্য) ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণির কর্মকর্তার নামাংকিত সিল দ্বারা সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদনের সাথে সংযুক্ত করে ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর অথবা হাতে হাতে রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় জমা দিতে হবে। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

৪. আবেদনকৃত প্রার্থীকে অবশ্যই ডিগ্রি প্রাপ্ত হতে হবে; অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশের জন্য অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণ যোগ্য হবে না।

৫. প্রাপ্ত আবেদন ফরম সমূহ বাছাইয়ের পর নিয়োগ বাছাই বোর্ডে লিখিত অথবা সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/-(সাত) টাকার ডাকটিকিট যুক্ত ২৪X১১সে: মি:/১০×৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. বিধি মোতবেক সকল কোটা অনুসরণ করা হবে।

৮. চাকুরিরত প্রার্থীদের (খন্ডকালীন চাকরি ব্যতীত) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯. বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের -২০২৬ নীতিমালা অনুসরণ করা হবে।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদন ফরমের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১২. আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ: ২৫-১১-২০২৬ খ্রিঃ, বিকাল ৪:০০ টা। উল্লিখিত তারিখের পর ডাকযোগে বা হাতে হাতে কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না কিংবা কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৩. ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৪. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যে কোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।

১৫. পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি (স্মারক নং-বেরোবি/রেজি:/কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৫/১৫০৬; তারিখ: ২৯-০৫-২০২৫ ইং, স্মারক নং-বেরোবি/রেজি:/কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/৩১ ও স্মারক নং- বেরোবি/রেজি:/কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/৩০ ; তারিখ: ১২-০১-২০২৬ ইং) এর আলোকে যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তাদের পূর্বের আবেদনই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-
অধ্যাপক ড. মোঃ ফেরদৌস রহমান
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR
www.brur.ac.bd

স্মারক নং- বেরোবি:/রেজি:/কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/১৬৫৯

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৫ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞাপিত পদে আবেদনের শর্তাবলী

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও বয়স	পদ সংখ্যা	শর্তাবলী
১	**রেজিস্ট্রার** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **১,১৩,০০০ থেকে ১,৪৮,৮০০/-** (গ্রেড-৩) অনূর্ধ্ব ৫৫ বছর	০১ (এক)	১। প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। প্রার্থীর কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত রেজিস্ট্রার/ সমস্কেলভুক্ত (৪র্থ গ্রেড) পদে ০২ (দুই) বছর অথবা উপ-রেজিস্ট্রার (৫ম গ্রেড) পদে ০৫ (পাঁচ) বছরসহ ১ম শ্রেণির পদে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) মোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
২	**পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **১,১৩,০০০ থেকে ১,৪৮,৮০০/-** (গ্রেড-৩) অনূর্ধ্ব ৫৫ বছর	০১ (এক)	১। প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। প্রার্থীর কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত পরিচালক/ সমস্কেলভুক্ত (৪র্থ গ্রেড) পদে ০২ (দুই) বছর অথবা উপ-রেজিস্ট্রার (৫ম গ্রেড) পদে ০৫ (পাঁচ) বছরসহ ১ম শ্রেণির পদে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) মোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
৩	**পরীক্ষা নিয়ন্ত্রক** **(পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **১,১৩,০০০ থেকে ১,৪৮,৮০০/-** (গ্রেড-৩) অনূর্ধ্ব ৫৫ বছর	০১ (এক)	১। প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। প্রার্থীর কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক / সমস্কেলভুক্ত (৪র্থ গ্রেড) পদে ০২ (দুই) বছর অথবা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক / সমস্কেলভুক্ত (৫ম গ্রেড) পদে ০৫ (পাঁচ) বৎসরসহ ১ম শ্রেণির পদে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) মোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
৪	**চিফ রিসার্চ অফিসার** **(ইন্সটিটিউট অব রিসার্চ এক্সিলেন্স)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **১,১৩,০০০ থেকে ১,৪৮,৮০০/-** (গ্রেড-৩) অনূর্ধ্ব ৫৫ বছর	০১ (এক)	১। প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। প্রার্থীর কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত রেজিস্ট্রার/ সমস্কেলভুক্ত (৪র্থ গ্রেড) পদে ০২ (দুই) বছর অথবা উপ-রেজিস্ট্রার (৫ম গ্রেড) পদে ০৫ (পাঁচ) বছরসহ ১ম শ্রেণির পদে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) মোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। প্রার্থীকে সরকারি/স্বায়ত্তশাসিত/গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/গবেষককে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৬। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৭। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
৫	**অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন শাখা)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **১,০০,০০০ থেকে ১,৪২,৪০০/-** (গ্রেড-৪) অনূর্ধ্ব ৫০ বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির (গ্রেড-৯) কর্মকর্তা পদে ন্যূনতম ১২ (বারো) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে উপ-রেজিস্ট্রার/ সমস্কেলভুক্ত (৫ম গ্রেড) পদে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও বয়স	পদ সংখ্যা	শর্তাবলী
৬	**অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) ১,০০,০০০ থেকে ১,৪২,৪০০/- (গ্রেড-৪) অনূর্ধ্ব ৫০ বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির (গ্রেড-৯) কর্মকর্তা পদে ন্যূনতম ১২ (বারো) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/ সমস্কেলভুক্ত (৫ম গ্রেড) পদে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে । ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৭	**অতিরিক্ত পরিচালক (সেন্ট্রাল লাইব্রেরি এন্ড ইনফরমেশন সেন্টার)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) ১,০০,০০০ থেকে ১,৪২,৪০০/- (গ্রেড-৪) অনূর্ধ্ব ৫০ বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি সাইন্স বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির (গ্রেড-৯) কর্মকর্তা পদে ন্যূনতম ১২ (বারো) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে উপ-পরিচালক /সমস্কেলভুক্ত (৫ম গ্রেড) পদে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৮	**উপ-পরিচালক (অর্থ ও হিসাব)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) ৮৬,০০০-১,৩৯,৭০০/- (গ্রেড-৫) অনূর্ধ্ব ৪৫ বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় প্রশাসন / হিসাব বিজ্ঞান/ ব্যবস্থাপনা/ ফাইন্যান্স/মার্কেটিং বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি /স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অর্থ, হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত কাজে প্রথম শ্রেণির (গ্রেড-৯) কর্মকর্তা পদে ন্যূনতম ১০ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) (গ্রেড-৭)/ সমস্কেলভুক্ত পদে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে । ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৯	**উপ- প্রধান প্রকৌশলী (সিভিল)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) ৮৬,০০০-১,৩৯,৭০০/- (গ্রেড-৫) অনূর্ধ্ব ৪৫ বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় / ইঞ্জিনিয়ারিং কলেজ / ইন্সটিটিউট হতে ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন (সিভিল) বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির (গ্রেড-৯) কর্মকর্তা পদে সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে নির্বাহী প্রকৌশলী (গ্রেড-৬)/ সমমানের পদে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে । ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। ৬। কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে পারদর্শিতা থাকতে হবে।
১০	**সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) (৫৮,০০০-১,২৬,৮০০/-) (গ্রেড-৭) অনূর্ধ্ব ৩৮ বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি / সরকার অনুমোদিত স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্যে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। হিসাব বিজ্ঞান বা ফাইনান্স বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। প্রার্থীকে অর্থ ও হিসাব বিষয়ক (গ্রেড-৯) কাজে ন্যূনতম ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪। কম্পিউটার পরিচালনায় দক্ষতা এবং হিসাব পরিচালনা সম্পর্কিত প্রোগ্রাম, সফটওয়্যার ইত্যাদিতে পারদর্শিতা থাকতে হবে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১১	**প্রকিউরমেন্ট অফিসার (পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) (৪৪,০০০-১,০৫,৯০০/-) (গ্রেড-৯) অনূর্ধ্ব ৩২ বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ০৪ (চার) বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল/ইলেক্ট্রিক্যাল) ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে এবং প্রকিউরমেন্ট সম্পর্কিত সফটওয়্যার, প্রোগ্রাম ইত্যাদিতে পারদর্শিতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। প্রার্থীকে ই-জিপি/ই-টেন্ডার প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৬। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও বয়স	পদ সংখ্যা	শর্তাবলী
১২	**সেকশন অফিসার গ্রেড-১ (রেজিস্ট্রার দপ্তর)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) (৪৪,০০০-১,০৫,৯০০/-) (গ্রেড-৯) অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/ সরকার অনুমোদিত/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে বিশেষ করে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্টসহ ইন্টারনেট ও ডাটাবেজ সম্পর্কিত প্রোগ্রাম, সফটওয়্যার ইত্যাদিতে পারদর্শিতা থাকতে হবে। ৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১৩	**সেকশন অফিসার গ্রেড-১ (ট্রেজারার দপ্তর)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) (৪৪,০০০-১,০৫,৯০০/-) (গ্রেড-৯) অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/ সরকার অনুমোদিত/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। বানিজ্য অনুষদভুক্ত বিষয়সমূহ হতে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৪। কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে পারদর্শিতা থাকতে হবে। ৫। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৬। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১৪	**নার্স (মেডিকেল সেন্টার)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(৩২,০০০-৭৭,৩০০/-) (গ্রেড-১০)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে কোনো স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ডিগ্রিসহ সরকারি প্রতিষ্ঠান/ সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/স্বীকৃত ইনস্টিটিউট হতে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-নার্স ডিগ্রিধারী হতে হবে অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রী (বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (BNMC) কর্তৃক রেজিস্টার্ড হতে হবে)। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে । ৪। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১৫	**ল্যাব টেকনিশিয়ান (রসায়ন বিভাগ)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২৫,০০০-৬০,৫০০/-) (গ্রেড-১১)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/ সরকার অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান হতে বিজ্ঞানে এস.এস.সি ও এইচ.এস.সি / সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ জিপিএ-৫.০০ স্কেলে ৩.০০ এবং বিজ্ঞানে স্নাতক/সমমান পরীক্ষায় ২য় শ্রেণি/সিজিপিএ ৪.০০ স্কেলে ২.৭৫ থাকতে হবে। এছাড়াও ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স বিষয়ে পাসকৃত প্রার্থীরাও আবেদন করতে পারবেন। ২। শিক্ষা জীবনে কোনো পর্যায়ে দ্বিতীয় বিভাগ/৩.০০ (জিপিএ-৫.০০ স্কেলে) এবং ২য় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। ৩। যে কোন স্বীকৃত ইনস্টিটিউট থেকে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে। ৪। সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণাগারের যন্ত্রপাতি (ল্যাবরেটরির আধুনিক এনালাইটিক্যাল যন্ত্রপাতি যেমন: HPLC, GC, FT-IR, UV-Vis spectrometer, Tube-Furnace, Potentiostat, Centrifuge Machine, TGA, ইত্যাদি, ইনস্টলেশন, ক্যালিব্রেশন, নিয়মিত রক্ষণাবেক্ষণ, স্যাম্পল বিশ্লেষণ করা ও সফটওয়্যার ব্যবহার) পরিচালনায় অভিজ্ঞাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৫। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১৬	**সেমিনার সহকারী (গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২৩,৫০০-৫৬,৮০০/-) (গ্রেড-১৪)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/ সরকার অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান হতে ন্যূনতম স্নাতক/সমমানের ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে পারদর্শিতা থাকতে হবে। ৪। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১৭	**হিসাব সহকারী (পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২১,৯০০-৫২,৯০০০/-) (গ্রেড-১৬)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে সরকারি/সরকার অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান হতে বাণিজ্য অনুষদভুক্ত বিভাগসমূহ হতে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। ২। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩। যে কোন স্বীকৃত ইনস্টিটিউট থেকে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে। ৪। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১৮	**গ্রাউন্ডম্যান (শারীরিক শিক্ষা বিভাগ)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২১,৪০০-৫১,৯০০/-) (গ্রেড-১৭)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমানের পরীক্ষায় পাস থাকতে হবে। ২। সুস্বাস্থ্যের অধিকারী, পেশাদার ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
১৯	**রাজ মিস্ত্রি (প্রকৌশল দপ্তর)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২১,০০০-৫০,৯০০/-) (গ্রেড-১৮)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমানের পরীক্ষায় পাস থাকতে হবে। ২। সুস্বাস্থ্যের অধিকারী এবং রাজ মিস্ত্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
২০	**সেমিনার এটেনডেন্ট (ইংরেজি বিভাগ)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২০,৫০০-৪৯,৬০০/-) (গ্রেড-১৯)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমানের পরীক্ষায় পাস থাকতে হবে। ২। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও বয়স	পদ সংখ্যা	শর্তাবলী
২১	**সিকবয় (মেডিকেল সেন্টার)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২০,০০০-৪৮,৪০০/-) (গ্রেড-২০)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমানের পরীক্ষায় পাস থাকতে হবে। ২। সুস্বাস্থ্যের অধিকারী, পেশাদার ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
২২	**এমএলএসএস (রেজিস্ট্রার দপ্তর)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২০,০০০-৪৮,৪০০/-) (গ্রেড-২০)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমানের পরীক্ষায় পাস থাকতে হবে। ২। সুস্বাস্থ্যের অধিকারী, পেশাদার ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
২৩	**এমএলএসএস** **(ইনস্টিটিউট অব রিসার্চ এক্সিলেন্স)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২০,০০০-৪৮,৪০০/-) (গ্রেড-২০)** অনূর্ধ্ব **৩২** বছর	০১ (এক)	১। প্রার্থীকে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমানের পরীক্ষায় পাস থাকতে হবে। ২। সুস্বাস্থ্যের অধিকারী, পেশাদার ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
২৪	**পরিচ্ছন্নতা কর্মী** **(নিরাপত্তা ও পরিচ্ছন্নতা শাখা)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২০,০০০-৪৮,৪০০/-) (গ্রেড-২০)** অনূর্ধ্ব **৩২** বছর	০৭ (সাত)	১। প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণী পাস হতে হবে। ২। পরিচ্ছন্নতার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।
২৫	**নিরাপত্তা প্রহরী** **(নিরাপত্তা ও পরিচ্ছন্নতা শাখা)** (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী) **(২০,০০০-৪৮,৪০০/-) (গ্রেড-২০)** অনূর্ধ্ব **৩২** বছর	১২ (বারো)	১। প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণী পাস হতে হবে। ২। সুস্বাস্থ্যের অধিকারী, পেশাদার ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে।